

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক অফিসারের কার্যালয়
কালুখালী, রাজবাড়ী।

মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব মোছাঃ ডলি পারভীন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, কালুখালী, রাজবাড়ী।
সভার স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার তারিখ : ১৫/০৪/২০২২ খ্রিঃ, সময় : সকাল ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা মহিলা বিষয়ক অফিসার ও সদস্য সচিব কে কালুখালী উপজেলায় মহিলা বিষয়ক আর্থসামাজিক কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালুখালী সভায় জানান যে, কালুখালী নারী উদ্যোক্তাদের সমিতির মাধ্যমে সংগঠিত করে তাদের উৎপাদিত পণ্য বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ। নারী উদ্যোক্তাদের সমিতির মাধ্যমে সংগঠিত করার জন্য দলীয় মনোভাব সৃষ্টি করে সকল সদস্যকে ব্যবসার সাথে সম্পৃক্তকরণ এবং তাদের সকলের অংশীদারিত্ব নিশ্চিতকরণ। সমিতির সদস্যদের মধ্যে সঞ্চয়ী মনোভাব গড়ে তোলার পাশাপাশি ব্যবসার পুঁজি ও বিনিয়োগ মনোভাব সৃষ্টি করা। নারী বান্ধব পরিবেশ গড়ে তোলা এবং নারী উদ্যোক্তাদের বিনোদনের ব্যবস্থা করা। নারী উদ্যোক্তাদের মহিলা বিষয়ক অধিদপ্তরের চলমান ক্ষুদ্রঋণ কর্মসূচী এবং মার্কেটিং নেটওয়ার্কের সাথে লিংকেজ স্থাপন। বানিজ্যিক ব্যবস্থাপনা ও পণ্য উৎপাদন সংশ্লিষ্ট চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান। ফোরওয়ার্ড ও ব্যাকওয়ার্ড লিংকেজে সংগঠনের প্রতিটি সদস্যকে কাঁচামাল সংগ্রহ, উৎপাদন, সরবরাহ, বিক্রয় প্রতিটি ক্ষেত্রে সম্পৃক্তকরণ। সমগ্র দেশ ব্যাপী পর্যায়ক্রমে মহিলাদের দ্বারা উৎপাদিত পণ্য/সেবা পরিচালিত ব্যবসার একটি ব্র্যান্ড ইমেজ গড়ে তোলার জন্য কার্যক্রম পরিচালনা করা।

সিদ্ধান্ত : বিধি মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। চেয়ারম্যান, সাওরাইল ইউনিয়নের প্রস্তাব গুরুত্ব সহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোছাঃ ডলি পারভীন
(মোছাঃ ডলি পারভীন)

মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কালুখালী।

তারিখঃ ১৫/০৪/২০২২

স্মারক নং- মহিলা ও শিশু /কালু/২০২২- -৮০/১

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, রাজবাড়ী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালুখালী রাজবাড়ী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, কালুখালী রাজবাড়ী।
- ৫। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, উপজেলা কমান্ড, রাজবাড়ী।
- ৬। চেয়ারম্যান.....ইউপি, কালুখালী রাজবাড়ী।

Tuhina
২৫/০৪/২০২২
উপজেলা মহিলা বিষয়ক অফিসার
কালুখালী, রাজবাড়ী